দৈনিক জনকণ্ঠ

তারিখ 07 JUN 1995
পৃষ্ঠা ১১ কলাম ৭

05

# চ. বি. ভিসির বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** মীরসরাই কলেজের এক অধ্যাপক আনীত মামলায় চট্টগ্রাম সদর প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও কলেজ পরিদর্শকের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছেন। সমন দেয়া সত্ত্বেও আদালতে উপস্থিত না হওয়ায় তাঁদের বিরুদ্ধে গত ১৬ মে এ গ্রেফতারী পরোয়ানা জারি করা হয়।

মামলার বিবরণে জানা যায়, '৯১ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় মীরসরাই কলেজ কেন্দ্রে দুর্নীতির এক মিথ্যা অভিযোগে কলেজের অধ্যাপক জয়নাল আবেদীন নিজামীর বিরুদ্ধে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড একটি তদন্ত কমিটি গঠন করে। বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক আবু তৈয়বের সুপারিশের ভিত্তিতে কলেজ গভর্নিং বডি বাদীকে চাকরিচ্যুত করে। বাদী এ সিদ্ধান্তের বিরুদ্ধে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর সমীপে আপীল করার পর যথাযথ শুনানি শেষে প্রায় পৌনে দু' বছর পর্যন্ত রায় প্রদান করেননি। এ অবস্থায় বাদী উকিল নোটিস প্রদান করেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যেও ভিসির কাছ থেকে কোন জবাব না পাওয়ায় এ মামলা রুজু করা হয়। আদালত বিবাদীদ্বয়কে আত্মগোপনকারী বলে অভিহিত করে এ গ্রেফতারী পরোয়ানা জারি করেন।